



সমন্বয়কারীর কার্যালয়

১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা: ২০২৩-২০২৪ খ্রি.
ডিন অফিস, থিওলজি এন্ড ইসলামিক স্টাডিজ অনুষদ
ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া-ঝিনাইদহ, বাংলাদেশ।

তারিখ: ২৯/০৯/২০২৪ ইং

D ইউনিট

১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা ২০২৩-২০২৪ ইং
ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া-ঝিনাইদহ, বাংলাদেশ।

ভর্তি বিজ্ঞপ্তি এবং ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনাবলী

এক. ২৯-০৯-২০২৪ ইং তারিখের ভর্তি কমিটির সিদ্ধান্ত মোতাবেক ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের ভর্তিকৃত যে সকল ছাত্র-ছাত্রী বিভাগ পরিবর্তনের জন্য আবেদন করেছিল তাদের মধ্যে থেকে যারা বিভাগ পরিবর্তনের জন্য মনোনীত হয়েছে তাদেরকে আগামী ৩০-০৯-২০২৪ ইং হতে ০৬-১০-২০২৪ ইং তারিখের মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। উক্ত সময়ের মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে না পারলে পরবর্তীতে ভর্তি হওয়ার আর কোনো সুযোগ থাকবে না।

দুই. অবশিষ্ট শূন্য আসনগুলো পূরণের জন্য ২য় মেধা তালিকার প্রার্থীদের সাক্ষাৎকার আগামী ০৮-১০-২০২৪ ইং তারিখ অফিস চলাকালীন (সকাল ১০টা থেকে বিকাল ৩.৩০টা) সময়ে অনুষদ ভবনের ৪র্থ তলায় "D" ইউনিটের সমন্বয়কারীর অফিসকক্ষে অনুষ্ঠিত হবে। সাক্ষাৎকার সভায় উপস্থিতির ভিত্তিতে চূড়ান্ত ভর্তির অনুমতিপত্র প্রদান করা হবে এবং প্রদত্ত নির্দেশনা অনুযায়ী সাক্ষাৎকারের দিন থেকে আগামী ১৬/১০/২০২৪ ইং তারিখের মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। উক্ত সময়ের মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে না পারলে পরবর্তীতে ভর্তি হওয়ার আর কোনো সুযোগ থাকবে না।

তিন. আসন খালি থাকা সাপেক্ষে ৩য় মেধা তালিকার প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণের তারিখ ও সময় পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (iu.ac.bd) বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

চার. ভর্তিছু শিক্ষার্থীদের নিম্নোল্লিখিত কাগজপত্র অবশ্যই সাক্ষাৎকার সভায় উপস্থাপন করতে হবে।


ক. ভর্তি পরীক্ষার হলের পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত ভর্তি পরীক্ষার মূল প্রবেশপত্র।

খ. মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার মূল প্রবেশপত্র, রেজিস্ট্রেশন কার্ড, মার্কশীট এবং সার্টিফিকেট অথবা সর্বশেষ শিক্ষাপ্রতিষ্ঠানের প্রশংসাপত্র।

গ. সদ্য তোলা আট (০৮) কপি পাসপোর্ট সাইজের রপিন ছবি।

পাঁচ. বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় সিদ্ধান্তের আলোকে ক্লাস শুরুর তারিখ জানানো হবে।

ষষ্ঠ. উপরোক্ত বিজ্ঞপ্তি পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধনের ক্ষেত্রে ইউনিট কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



(প্রফেসর ড. আ. ব. ম. ছিদ্দিকুর রহমান আশ্রাফী)

সমন্বয়কারী (D ইউনিট)

১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা ২০২৩-২০২৪ খ্রি.

ও

ডিন, থিওলজি এন্ড ইসলামিক স্টাডিজ অনুষদ

ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া-ঝিনাইদহ, বাংলাদেশ।

অনুলিপি প্রেরণ হলো:

০১. আই.সি.টি সেল, ইবি (উক্ত বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
০২. সভাপতি, আল-কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ, ইবি।
০৩. সভাপতি, আল-হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ, ইবি।
০৪. সভাপতি, দা'ওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ, ইবি।
০৫. সভাপতি, আরবী ভাষা ও সাহিত্য বিভাগ, ইবি।
০৬. উপ-রেজিস্ট্রার (শিক্ষা), ইবি।
০৭. নোটিশ বোর্ড।
০৮. অফিস নথি।